



ছাত্রলীগকে ত্যাগের রাজনীতি করার পরামর্শ দিলেন প্রধানমন্ত্রী

নিম্নে বার্তা পরিবেশক

দেশ ও জাতির কল্যাণে ছাত্রলীগকে ত্যাগের রাজনীতি করার পরামর্শ দিয়েছেন আওয়ামী লীগের প্রধানমন্ত্রী ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গতকাল পনিবার পঞ্চাশতম ছাত্রলীগের ধানমন্ডি ৩২ নম্বর বঙ্গবন্ধু ভবনের সামনে বাংলাদেশ ছাত্রলীগের উদ্যোগে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব স্মরণে আয়োজিত এক আলোচনা সভায় প্রধানমন্ত্রী এ পরামর্শ দেন।

ছাত্রলীগের সভাপতি বদিউজ্জামান সোহাগের সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক নিকিতা মজুমদার আশাতের পরিচালনায় সভায় আরও বক্তব্য রাখেন আওয়ামী লীগের সভাপতিমণ্ডলীর সদস্য ও কৃষিমন্ত্রী বেগম মতিয়া চৌধুরী ওম্মি, ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য আমজদ আরাফিন নিকিত, প্রধানমন্ত্রীর তথ্য বিষয়ক উপসচিব ইকবাল সোবহান চৌধুরী প্রমুখ। জাতির পিতার উক্তি নিয়ে প্রধানমন্ত্রী বলেন, জাতির পিতা বলেছেন ত্যাগের মধ্য

ত্যাগের : পৃষ্ঠা : ২ ক : ৭

ত্যাগের : রাজনীতি

(১৬ পৃষ্ঠার পর)

নিয়ে দেশের জন্য কাজ করা যায়। মহৎ অর্জনের জন্য মহাত্যাগ প্রয়োজন। ছাত্রলীগের উদ্দেশে প্রধানমন্ত্রী বলেন, সংগঠন করতে হবে। তবে লেখাপড়া বাদ দিয়ে নয়। ফেল করা নেতৃত্ব কমতায় এলে দেশের কি অবস্থা হয় তা সবাই জানে। তাই ছাত্রদের সুশিক্ষায় শিক্ত হতে হবে। প্রধানমন্ত্রী বলেন, অসংবিধানিক পন্থা নয়, রাষ্ট্র পরিচালিত হবে সংবিধানিকভাবে। ভবিষ্যতে আর কখনো যেন দেশে কোন অসংবিধানিক কিছু না ঘটে এবং অসংবিধানিকভাবে যেন কেউ রাষ্ট্র পরিচালনা করতে না পারে সেজন্যই সংবিধান সংশোধন করা হয়েছে।

এ প্রসঙ্গে বঙ্গবন্ধু কন্যা আরও বলেন, ১৫ আগস্ট জাতির পিতাকে সপরিবারে হত্যার পর অসংবিধানিকভাবে অনেক রাষ্ট্র ক্রমতার অপব্যবহার করেছে। যথোচিতভাবে নিজেকে রাষ্ট্রপতি ঘোষণা করেছে। তাই আর যেন কখনো মানুষের সংবিধানিক অধিকার বিলুপ্ত না হয়। কারণ বঙ্গবন্ধু সারা জীবন মানুষের সংবিধানিক অধিকার রক্ষা এবং সাধারণ মানুষের কল্যাণের জন্য কাজ করেছেন। কারণ সংবিধানিক অধিকার ছাড়া গণতন্ত্র সূর্যাস্ত নয়। আর গণতন্ত্র সূর্যাস্ত না থাকলে এর বিরূপ প্রভাবে দেশের অর্থনীতি ও পর পড়ে।

আর কত কষ্ট সহ্য করবে বাংলাদেশের মানুষ উল্লেখ করে তিনি বলেন, ১৯৭৫ সালের ১৫ আগস্টের সেই তয়াল রাতে জাতির পিতাকে হত্যার পর দেশে আর কখনো সৃষ্টভাবে কমতায় হস্তান্তর হয়নি। ৫৬ ২০০১ সালে আমরা যখন কমতায় হস্তান্তর করি তখন তা শান্তি পূর্ণভাবে হয়েছিল।